

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd


নং-৫৭.০০.০০০০.০৭৫.০২২.১৩.১৯. ১

তারিখঃ ২৫ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
০৯ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মাদ্রাসা বরাবরে রেজিস্ট্রিকৃত সম্পত্তি ম্যানেজিং কমিটি/গভার্ণিং বডি কর্তৃক বিক্রিকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা বরাবরে রেজিস্ট্রিকৃত সম্পত্তি ম্যানেজিং কমিটি/গভার্ণিং বডি কর্তৃক অনেক সময় বিক্রয় করা হয়ে থাকে। যার ফলশ্রুতিতে জমির অপব্যবহার কারণে সরকারি প্রকল্প বাস্তবায়ন এবং অবকাঠামো নির্মাণ অসম্ভব হয়ে পড়ে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত)-তে এ বিষয়ে কোন সিদ্ধান্ত না থাকায় ম্যানেজিং কমিটি/গভার্ণিং বডির মাধ্যমে জমি হস্তান্তর বারিত/নিবন্ধসাহিত করার লক্ষ্যে বিষয়টি প্রবিধানমালায় অর্ন্তভুক্ত করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এ বিষয়টি অর্ন্তভুক্ত করার লক্ষ্যে প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০২/১/২০২০
(এ.কে.এম. লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা-১)
ফোনঃ ৯৫৭৭৪২৪

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বখশিবাজার, ঢাকা।

অনুলিপিঃ

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার লেভেল-৩, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রমনা, রোড, ঢাকা-১০০০১।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. অফিস কপি।